49

দৈনিক জনকণ্ঠ

তারিখ JAN. 23.1999

পৃষ্ঠা ৩ কলাম ৮

# কলকাতা বইমেলায় 'দুশো ছেষট্টি দিনে স্বাধীনতা'

মুক্তিযুদ্ধের বিশাল ইতিহাস "দুশো ছেষট্টি দিনে স্বাধীনতা" বইটির লেখক ও প্রকাশক এ্যাডভোকেট মুহাম্মদ নূরুল কাদির তার বইটির সঙ্গে পশ্চিমবঙ্গ তথা ভারতের পাঠক সমাজের পরিচয় করিয়ে দেয়ার উদ্দেশ্যে ২৭ জানুয়ারি থেকে অনুষ্ঠিতব্য 'কলকাতা বই মেলা'য় যোগদান করছেন। সম্প্রতি বইটির পরিমার্জিত ও পরিবর্ধিত পঞ্চম সংস্করণ বেরিয়েছে।

বইটির লেখক ১৯৭১-এ বাংলাদেশ সরকার (মুজিবনগর)-এর ভ্রাম্যমাণ কূটনৈতিক প্রতিনিধি এডভোকেট মুহাম্মদ নূরুল কাদির কলকাতায় মহাকরণে সম্প্রতি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর সঙ্গে সাক্ষাত করে তাঁকে একটি বই উপহার দেন। কলকাতা প্রেসক্লাবের প্রতিষ্ঠা দিবসে নতুন রিডিং রুম উদ্বোধন উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে পশ্চিমবঙ্গের স্বরাষ্ট্র, তথ্য ও সংস্কৃতিমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যকে এবং প্রেসক্লাবের সভাপতি সুনীল দাস ও সম্পাদক সুধীর কর্মকার-এর নিকট কলিকাতা প্রেসক্লাবের লাইব্রেরীর জন্য একটি করে বই এ্যাডভোকেট মুহাম্মদ নূরুল কাদির উপহার দেন।

বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর দিলীপ কুমার সিংহ, রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. শুভাংকর চক্রবর্তী, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর রথীন্দ্র নারায়ণ বসু, বর্ধমান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. দিলীপ বসু, নর্থবেঙ্গল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর রঞ্জু গোপাল মুখোপাধ্যায়, কল্যাণী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর বাসুদেব বর্মন, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর এ এন বসু-এর সঙ্গে সাক্ষাত করে এডভোকেট মুহাম্মদ নূরুল কাদির তাঁর রচিত "দুশো ছেষট্টি দিনে স্বাধীনতা" বইটি সকল বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরীর জন্য একটি করে বই উপহার দিয়েছেন এবং ভাইস চ্যান্সেলরগণ বেশ কিছু বই ক্রয়ের আগ্রহ প্রকাশ করেন।



*কলকাতা প্রেসক্লাবের প্রতিষ্ঠা দিবসে আয়োজিত এক অনুষ্ঠানে পশ্চিমবঙ্গের স্বরাষ্ট্র, তথ্য ও সংস্কৃতিমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যকে "দুশো ছেষট্টি দিনে স্বাধীনতা" বইটির লেখক এ্যাডভোকেট মুহাম্মদ নূরুল কাদির বইটি উপহার দেন*

এডভোকেট মুহাম্মদ নূরুল কাদির পাবলিশার্স এন্ড বুক সেলার্স গিল্ড-এর নতুন ভবনের শিলান্যাস অনুষ্ঠান এবং পশ্চিমবঙ্গ বাংলা এ্যাকাডেমীতে অনুষ্ঠিত সুধা বসু স্মারক পুরস্কার প্রদান অনুষ্ঠানে যোগদান করেন। পুরস্কার পেয়েছেন "নিয়তি : উদ্ভব ও বিকাশ" বইটির লেখিকা শ্রীমতি সুকুমারী ভট্টাচার্য। এ্যাডভোকেট মুহাম্মদ নূরুল কাদির পশ্চিমবঙ্গ বাংলা এ্যাকাডেমীতে অনুষ্ঠিত কথা সাহিত্যিক তারাশঙ্কর বন্দোপাধ্যায়ের পাণ্ডুলিপি প্রদান অনুষ্ঠানে যোগদান করেন। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অন্নদা শঙ্কর রায়।

এ্যাডভোকেট মুহাম্মদ নূরুল কাদির প্রখ্যাত কথা সাহিত্যিক অন্নদা শঙ্কর রায়, সৈয়দ মুস্তফা সিরাজ, কলিকাতায় বাংলাদেশের উপ-রাষ্ট্রদূত শেখ আহমেদ জালাল এবং কাউন্সেলর (প্রেস) মোহাম্মদ আবু তৈয়ব-এর সঙ্গে সাক্ষাত করে তার বইটি সম্বন্ধে আলোচনা করেন। খবর বিজ্ঞপ্তির।